০৫. উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও সংশ্লিষ্ট সকল বিষয় নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত:

উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি এবং উপস্থিত সকল সদস্য/সুধীজনের বক্তব্য ও মতামতের আলোকে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৬.১ | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, রাজবাড়ী সদর এর প্রতিনিধি জানান যে, জাটকা সংরক্ষণ অভিযান অব্যাহত আছে যা ৩০ জুন পর্যন্ত চলমান থাকবে। ইলিশ সংরক্ষণ অভিযান সফল বাস্তবায়নের লক্ষ্যে সকলের সার্বিক সহযোগিতা প্রয়োজন। বাজারসমূহে জাটকা বিক্রয়ের বিষয়ে নিয়মিত মনিটর করা হচ্ছে। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ জাটকা বিক্রয়ের বিষয়ে তদারকি অব্যাহত রাখায় বাজারসমূহ জাটকামুক্ত হয়েছে। তিনি আরো জানান যে, পদ্মা নদী থেকে অবৈধ বাঁধ অপসারণ করা হয়েছে। চায়না দুয়ারীর বিরুদ্ধে অভিযান পরিচালনা অব্যাহত আছে। | বাজারসমূহ নিয়মিত পরিদর্শন করতে হবে। নদীতে চায়না দুয়ারীর বিরুদ্ধে অভিযান অব্যাহত রাখতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ৬.২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, রাজবাড়ী সদর জানান যে, সকলের সার্বিক সহযোগিতায় স্বাস্থ্য সেবা কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে। রাজবাড়ী সদর উপজেলায় করোনা টিকা প্রদান কার্যক্রম পুনবায় চালু হয়েছে। | করোনা টিকা প্রদানের বিষয়টি বহুল প্রচার করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ৬.৩ | উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান যে, পুলিশী তৎপরতার কারণে বিদ্যালয়ে চুরি বন্ধ হয়েছে। শিক্ষার গুনগত মান বৃদ্ধির লক্ষ্যে বিদ্যালয়সমূহ নিয়মিত পরিদর্শন অব্যাহত আছে। | শিক্ষার গুনগত মান বৃদ্ধির লক্ষ্যে বিদ্যালয় সমূহ পরিদর্শনের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ৬.৪ | জনাব আবু বক্কর সিদ্দিক, চেয়ারম্যান, আলীপুর ইউনিয়ন পরিষদ রাজবাড়ী সদর, রাজবাড়ী আলিপুর ইউনিয়ন সভায় জানান যে, উন্নয়নের মডেল হিসেবে গড়ার লক্ষ্যে আলীপুর ইউনিয়নে বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের কাজ চলমান আছে। বর্তমানে মোটর সাইকেল চুরি বৃদ্ধি পেয়েছে। বাজারে সিসি ক্যামেরা স্থাপনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। | উন্নয়নমূলক কাজের গুনগত মান নিশ্চিত করণের লক্ষে প্রকল্পসমূহ নিয়মিত পরিদর্শন ও বাজারে সিসি ক্যামেরা স্থাপনের কাজ দ্রুত বাস্তবায়ন করতে হবে। | চেয়ারম্যান, আলীপুর ইউনিয়ন পরিষদ, রাজবাড়ী সদর। |
| ৬.৫ | জনাব ওহিদুজ্জামান শেখ, চেয়ারম্যান, মূলঘর ইউনিয়ন পরিষদ জানান যে, পুলিশ ও উপজেলা প্রশাসনের সকল কর্মকর্তাদের আন্তরিকতার সাথে দায়িত্ব পালন করার কারণে রাজবাড়ী সদর উপজেলার আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে আছে। আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণের ধারা অব্যাহত রাখতে সকলকেই আন্তরিকতার সাথে প্রশাসনকে সার্বিক সহযোগিতা করতে হবে। মাদক নিয়ন্ত্রণের লক্ষ্যে সামাজিক ও পারিবারিক সচেতনতা বৃদ্ধিসহ অভিযান অব্যাহত রাখতে হবে। ইউনিয়নে গরু চুরি বৃদ্ধি পেয়েছে। গরু চুরির কারণে অনেকে ক্ষতিগ্রস্ত হচ্ছে। রাতে পুলিশ টহল বৃদ্ধি করা হলে গরু চুরি বন্ধসহ অন্যান্য অপরাধ হ্রাস পাবে। | আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণের ধারা অব্যাহত রাখতে প্রশাসনকে সার্বিক সহযোগিতা প্রদান করতে হবে। | ইউপি চেয়ারম্যানগণ |
| ৬.৬ | বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ আঃ জলিল মিয়া, সভায় বক্তব্য প্রদান করেন। তিনি জানান যে, পুলিশ, উপজেলা প্রশাসন ও সকল জনপ্রতিনিধের আন্তরিকতারকারণে রাজবাড়ী সদর উপজেলার আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে আছে। তবে ইদানিং নেশার প্রবনতা বেড়েছে আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণের ধারা অব্যাহত রাখতে হলে মাদক নিয়ন্ত্রণ করতে হবে। সামাজিক সচেতনতা বৃদ্ধি করা হলে মাদক নিয়ন্ত্রণ হবে। ঈদুল আযহার শুভেচ্ছা জানান। | মাদক নিয়ন্ত্রণের লক্ষ্যে নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে। | অফিসার-ইন-চার্জ, রাজবাড়ী থানা ও সহকারী পরিচালক, মাদক নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজবাড়ী। |
| ৬.৭ | বীর মুক্তিযোদ্ধা এস এম নওয়াব আলী, জানান যে, সকলের সার্বিক সহযোগিতায় রাজবাড়ী সদর উপজেলার আইনশৃংখলা পরিস্থিতি স্বাভাবিক আছে। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের চলমান কার্যক্রম অব্যাহত থাকলে আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণের ধারা অব্যাহত থাকবে। | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ইউপি চেয়ারম্যানগণ |

০৭. জনাব রকিবুল হাসান পিয়াল, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর জানান যে, রাজবাড়ী সদর উপজেলায় মোটর সাইকেল চুরি বৃদ্ধি পেয়েছে। রাজবাড়ী জেলা রেজিষ্ট্রার এর কার্যালয়ের সামনে থেকে একটি মোটর সাইকেল চুরি হয়েছে। সে বিষয়ে ব্যবস্থা নেয়া প্রয়োজন তিনি আরও বলেন। সর্বহারাদের তৎপরতা নিয়ন্ত্রণে আনলে উপজেলার আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে থাকবে। ঈদকে সামনে রেখে বিভিন্ন অপরাধ সংঘঠিত হয়ে থাকে। নিজ নিজ এলাকায় কোন খবর পেলে তাৎক্ষনিক ভাবে অফিসার ইন চার্জ, রাজবাড়ী থানা কে জানানোর জন্য চেয়ারম্যানদের অনুরোধ জানান।

০৮. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর জানান যে, রাজবাড়ী সদর উপজেলায় কর্মরত সকল কর্মকর্তাদের আন্তরিকতার কারণে রাজবাড়ী সদর উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি ভালো আছে। যথাযথভাবে দায়িত্ব পালন করায় অফিসার ইন চার্জ, রাজবাড়ী সদর থানা কয়েক বার শ্রেষ্ঠ কর্মকর্তা হিসেবে পুরস্কৃত হয়েছেন। বাহিনীকে সঠিকভাবে পরিচালনা করায় তাকে ধন্যবাদ জানান। তিনি জানান খানখানাপুর হাটের ইজারাদারদের খাজনার মূল্য তালিকা দৃশ্যমান করা ও হাট অবৈধ ভাবে দখলকৃত দোকান উচ্ছেদ করা প্রয়োজন। এ বিষয়ে ব্যবস্থা নেয়ার জন্য সভায় অনুরোধ জানান।

